



🏠 মূল পাতা 📧 ঘোষণাঘোষণা 📡 লগ-ইন করুন 👤 নিবন্ধিত হোন

ঢাকা, রোববার, ২২ জুন ২০০৮, ৮ আষাঢ় ১৪১৫, ১৭ জমাদিউস সানি ১৪২৯
বর্ষ ১০, সংখ্যা ২২৫, আপডেট : বাংলাদেশ রাত ২টা ২৫ মিনিট

এ সংখ্যায় থাকছে

- ▶ প্রথম পাতা
- ▶ শেষ পাতা
- ▶ সম্পাদকীয়/উপসম্পাদকীয়
- ▶ খোলা কলাম
- ▶ সারা দেশ
- ▶ বিশাল বাংলা
- ▶ সারা বিশ্ব
- ▶ খেলাধুলা
- ▶ বিনোদন
- ▶ পড়াশোনা
- ▶ কম্পিউটার প্রতিদিন
- ▶ চিঠিপত্র
- ▶ অর্থ ও বাণিজ্য
- ▶ মহানগর

🗨️ ফিচার পাতা

- ▶ ঢাকায় থাকি

সারা দেশ

➕ সংবাদ শিরোনাম

◀ আগের সংবাদ

▶ পরের সংবাদ

রাঙামাটিতে অতিরিক্ত আইজিপি

পুলিশ ও জনগণের মধ্যকার দেয়াল ভাঙতেই কমিউনিটি পুলিশিং ব্যবস্থা

নিজস্ব প্রতিবেদক, রাঙামাটি

পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক (এআইজি-প্রশাসন) নববিক্রম কিশোর ত্রিপুরা বলেছেন, পুলিশ ও জনগণের মধ্যে বিশ্বাস-অবিশ্বাসের যে দেয়াল তৈরি হয়েছিল তা ভাঙতে কমিউনিটি পুলিশিং ব্যবস্থা চালু করা হয়েছে। জনতা-পুলিশের ঐক্য যাতে টিকে থাকে, সে জন্য কর্মকৌশল ঠিক করা হয়েছে। আগামী মাসে তা সরকারের কাছে পেশ করা হবে।

গতকাল শনিবার বিকেল সাড়ে চারটায় রাঙামাটির কোতোয়ালি থানা মাঠে জেলার পুলিশ ও কমিউনিটি পুলিশিং কমিটি আয়োজিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

নববিক্রম কিশোর ত্রিপুরা আরও বলেন, পরিবর্তনের অঙ্গীকার নিয়ে পুলিশ সংস্কারের কাজ চলছে। আগে যে ঐক্যবিশিষ্ট আইন ছিল তা জনগণবান্ধব ছিল না। সেটা সংস্কার করে পুলিশকে সেবামুখী প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠা করা হবে। নতুন যে অধ্যাদেশ সরকারের কাছে দেওয়া হয়েছে, তা জনগণের প্রত্যাশা পূরণ করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

রাঙামাটির ভারপ্রাপ্ত পুলিশ সুপার আমেনা বেগমের সভাপতিত্বে সমাবেশে বিশেষ অতিথি পুলিশ সংস্কার কর্মসূচির পরামর্শক কুমার কৈরলা, জেলা প্রশাসক মো. নুরুল আমিন, চট্টগ্রাম রেঞ্জের ডিআইজি এ কে এম শহীদুল হক, সেনাবাহিনীর রাঙামাটি জোনের অধিনায়ক লে. কর্নেল মাসুদ রাজ্জাক, রাঙামাটি পৌরসভার মেয়র হাবিবুর রহমান, রাঙামাটি জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গৌতম দেওয়ান বক্তব্য দেন।

এর আগে নববিক্রম কিশোর ত্রিপুরা রাঙামাটি জেলা পুলিশ ভবন ও পুলিশ সংস্কার কর্মসূচির রাঙামাটি শাখা উদ্বোধন করেন।

- ▶ স্টেডিয়াম
- ▶ বিজ্ঞান প্রজন্ম
- ▶ আইন অধিকার
- ▶ আলোকিত দক্ষিণ
- ▶ আলোকিত উত্তর
- ▶ আলোকিত চট্টগ্রাম

[+ সংবাদ শিরোনাম](#) [🖨️ প্রিন্ট করুন](#) [? বাংলা না এলে](#)

- ⊗ আরো যা আছে
- ⊙ সকল ফিচার পাতা
- ⊙ পুরনো সংখ্যা
- ⊙ আমাদের কথা
- ⊙ বাংলা না এলে

এ পর্যন্ত পড়েছেন
698 ; 7=#
জন পাঠক



**Call Bangladesh
From Australia ?**

[Home](#) | [About Us](#) | [Feedback](#) | [Contact](#)

Editor : Matiur Rahman, Published by : Mahfuz Anam, 52 Motijheel C/A , Dhaka-1000.
News, Editorial and Commercial Office: CA Bhaban, 100 Kazi Nazrul Islam Avenue, Karwan Bazar, Dhaka-1215.
Phone: (PABX) 8802-8110081, 8802-8115307-10, Fax: 8802-9130496, E-mail : info@prothom-alo.com

Best viewed at 1024 x 768 pixels and IE 5.5 & 6

Copyright 2005, All rights reserved by **Prothom-Alo.com**
[Privacy Policy](#) | [Terms & Conditions](#)